

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
পরিকল্পনা বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা  
[www.plandiv.gov.bd](http://www.plandiv.gov.bd)

**২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি টিমের ৩য় সভার কার্যবিবরণী।**

সভার তারিখঃ	২৮ অক্টোবর, ২০১৯ খ্রিঃ।
সময়ঃ	বেলা- ৩.০০ ঘটিকা।
সভার স্থানঃ	সম্মেলন কক্ষ (ভবন নং ১০, কক্ষ নং ০৩), পরিকল্পনা বিভাগ।
সভাপতিঃ	জনাব মোঃ দেলোয়ার হোসেন, অতিরিক্ত সচিব (বাজেট) ও টিম লিডার, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) টিম, পরিকল্পনা বিভাগ।

***সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'***

- ১.০০ সভাপতি সভায় আগত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমোতিক্রমে উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) অধিশাখা সভাকে জানান যে, ২য় সভার কার্যবিবরণীতে কোন শাখা/অধিশাখার দ্বিমত না থাকলে আজকের সভায় তা অনুমোদিত হতে পারে। যুগ্মপ্রধান, ভৌত অবকাঠামো বিভাগ বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তের (গ) ক্রমিকে উল্লেখিত date line শব্দের স্থানে deadline প্রতিস্থাপনপূর্বক সংশোধনের অনুরোধ জানান। গবেষণা কর্মকর্তা (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) ২০১৯-২০ অর্থবছরের এপিএ-এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের বিপরীতে কোন কোন শাখা/অধিশাখা এখন পর্যন্ত পুরোপুরি প্রমাণক প্রদান করেননি তা সভায় অবহিত করেন। এছাড়া তিনি সংশ্লিষ্ট শাখা/অধিশাখা কে কোন প্রমাণক কতটি প্রেরণ করতে হবে তা সভায় অবহিত করেন।
- ২.০০ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) পরিকল্পনা বিভাগের সিটিজেন চার্টার হালনাগাদের বিষয়টি সভায় অবহিত করেন। পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগের যুগ্মপ্রধান জনাব মোঃ সেলিম সিটিজেন চার্টার হালনাগাদকরণের বিষয়ে কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা থেকে উদ্যোগ গ্রহণের জন্য সভাপতিকে অনুরোধ জানান। পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগের উপপ্রধান এবং উপসচিব (এসএসআরসি) সিটিজেন চার্টার হালনাগাদকরণের জন্য একটি কমিটি গঠনের জন্য প্রস্তাব করেন। এ বিষয়ে সভাপতি পরিকল্পনা কমিশনের প্রত্যেক বিভাগ এবং সংশ্লিষ্ট প্রত্যেক শাখা/অধিশাখা হতে প্রতিনিধির সমন্বয়ে কমিটি গঠনের প্রস্তাব দেন।
- ৩.০০ উপসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) সভায় জানান যে, নূন্যতম একটি নতুন ডিজিটাল সেবা চালু এবং নূন্যতম একটি উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকরার বিষয়ে সভায় গুরুত্বারোপ করেন। তিনি পরিকল্পনা বিভাগের সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব মোঃ তমিজ উদ্দীন আহমেদ-কে উপরিউক্ত ২টি বিষয়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করার জন্য অনুরোধ জানান। সভাপতি সকল শাখায় ই-নথির ব্যবহার সম্পর্কিত সকল কার্যক্রমের গতি ত্বরান্বিতকরণের জন্য সিনিয়র সিস্টেম এনালিস্ট-কে কার্যকর উদ্যোগ গ্রহণের অনুরোধ জানান।

MV

**৪.০০ সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

- ক) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের যে সকল শাখা/অধিশাখা বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৯-২০ এর ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের প্রমাণক এখন পর্যন্ত পুরোপুরি প্রেরণ করেননি তাদেরকে দ্রুত প্রমাণকসমূহ প্রেরণ করতে হবে;
- খ) সিটিজেন চার্টার হালনাগাদকরণের নিমিত্ত একটি কমিটি গঠন করতে হবে;
- গ) একটি নতুন ডিজিটাল সেবা চালু ও নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে;
- ঘ) পরিকল্পনা বিভাগ ও পরিকল্পনা কমিশনের সকল শাখা/অধিশাখায় ই-নথি ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং
- ঙ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচক মোতাবেক কোন কার্য সম্পাদিত হওয়া মাত্রই উহার একটি কপি প্রমাণক হিসাবে এপিএ শাখায় প্রেরণ করতে হবে।

৫.০০ অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-

৩১/১০/২০১৯

(মোঃ দেলোয়ার হোসেন)

অতিরিক্ত সচিব (বাজেট)


পরিকল্পনা বিভাগ

নং-২০.০০.০০০০.৩২৮.৩৬.০০১.১৯-৩০১

তারিখঃ ১৫ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ  
৩১ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমী, ঢাকা।
৩. প্রধান, এনইসি একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৪. মহাপরিচালক, বাংলাদেশ উন্নয়ন ও গবেষণা প্রতিষ্ঠান, ঢাকা।
৫. যুগ্মপ্রধান সমন্বয় (সকল), পরিকল্পনা কমিশন, ঢাকা।
৬. যুগ্মসচিব (প্রশাসন/সমন্বয়), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৭. উপসচিব (এসএসআরসি/বাজেট/কর্মসম্পাদন ব্যবস্থাপনা), পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৮. উপপ্রধান, পরিকল্পনা শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
১০. সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা।  
(কার্যবিবরণীটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।
১১. অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা, ঢাকা।
১২. অফিস কপি।

  
(মোঃ রফিকুল ইসলাম)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৯১৮০৭৯২

e-mail: [ro.pms@plandiv.gov.bd](mailto:ro.pms@plandiv.gov.bd)